

জেলা

বগুড়া শহরে সড়ক অবরোধ করে পলিটেকনিকের শিক্ষার্থীদের বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক বগুড়া

প্রকাশ: ২০ এপ্রিল ২০২৫, ১৩: ২৭



পূর্বঘোষিত মহাসমাবেশ কর্মসূচির অংশ হিসেবে আজ রোববার বেলা ১১টার পর বগুড়ার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে সাতমাথা-বনানী সড়কে বিক্ষোভ সমাবেশ শুরু করেন শিক্ষার্থীরা। ছবি: প্রথম আলো

বগুড়ায় ছয় দফা দাবি আদায়ে আজ রোববার আবারও সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেছেন পলিটেকনিকের শিক্ষার্থীরা। কারিগরি ছাত্র আন্দোলন বাংলাদেশের ডাকে পূর্বঘোষিত মহাসমাবেশ কর্মসূচির অংশ হিসেবে বেলা ১১টার পর বগুড়ার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে সাতমাথা-বনানী সড়কে বিক্ষোভ সমাবেশ শুরু হয়।

এদিকে এই কর্মসূচির কারণে শহরের প্রধান সড়ক অবরোধ করায় যান চলাচল বন্ধ হয়ে গেছে। সড়কের দুই পাশে অটোরিকশা, ইজিবাইক, বাস, ব্যক্তিগত গাড়িসহ বিভিন্ন ধরনের যানবাহন আটকে পড়ে তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। এতে চরম ভোগান্তি পোহাতে হচ্ছে চালক ও যাত্রীদের।

বগুড়া ট্রাফিক পুলিশের পরিদর্শক (প্রশাসন) সালেকুজ্জামান খান বলেন, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করায় ভোগান্তি এড়াতে ঢাকা-বগুড়া রুটে চলাচলকারী দূরপাল্লার বাস, শেরপুর-বগুড়া রুটের গেটলক বাসসহ সব যানবাহন চালকদের সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এড়িয়ে বনানী-শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ-মোহাম্মদ আলী হাসপাতাল বিকল্প সড়ক হয়ে চলাচল করার পরামর্শ দেওয়া হয়েছে।

এর আগে ছয় দফা দাবি আদায়ে ১৬ এপ্রিল শহরের বনানী এলাকায় ঢাকা-রংপুর মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পলিটেকনিকের শিক্ষার্থীরা। এ ছাড়া ১৫ এপ্রিল একই দাবিতে শহরের সাতমাথায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন তাঁরা। শিক্ষার্থীদের ছয় দফার মধ্যে আছে হাইকোর্টের রায় প্রত্যাহার, নিয়োগবিধি সংশোধন, সব শূন্য পদে দক্ষ শিক্ষক ও ল্যাব সহকারী নিয়োগ, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে বয়সসীমা নির্ধারণ, আলাদা ‘কারিগরি ও উচ্চশিক্ষা মন্ত্রণালয়’ প্রতিষ্ঠা এবং উন্নত মানের টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন।

